সুবর্ণশীল বাংলাদেশ

**জেলা শিল্পকলা একাডেমি, সিলেট**
shilpakala.sylhet.gov.bd

মুজিব বর্ষ ১০০

নম্বর : ৪৩.২০.৯১০০.০০১.১৬.০০১.২০.২১৪

তারিখ : ২০ অগ্রহায়ণ ১৪২৮ / ০৫ ডিসেম্বর ২০২১

## সম্পাদিত কার্যক্রমের প্রতিবেদন : নভেম্বর ২০২১

**০১। বধ্যভূমিতে গণহত্যার পরিবেশ থিয়েটার মঞ্চায়ন সংক্রান্ত কার্যক্রম :** বাংলাদেশ শিল্পকলা একাডেমি কর্তৃক মুজিব শতবর্ষ ও স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদযাপন উপলক্ষ্যে দেশের ৬৪ জেলার একটি করে বধ্যভূমিতে গণহত্যার পরিবেশ থিয়েটার মঞ্চায়নের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এরই অংশ হিসেবে জেলা শিল্পকলা একাডেমি সিলেটের ব্যবস্থাপনায় গণহত্যার পরিবেশ থিয়েটার নাটকে অংশগ্রহণের জন্য সিলেট জেলার আগ্রহীদের অংশগ্রহণের জন্য বিজ্ঞপ্তি প্রকাশ পূর্বক বাছাইকৃতদের নিয়ে গণহত্যার পরিবেশ থিয়েটার মঞ্চায়নের মহড়া চলছে। আগামী ২৮ ডিসেম্বর ২০২১, শনিবার সন্ধ্যা ৬টায় নগরীর শহীদ শামসুদ্দিন বধ্যভূমি ও কেন্দ্রীয় শহীদ মিনারে গণহত্যার পরিবেশ থিয়েটার মঞ্চায়নের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে।

**০২। নবান্ন উৎসব ১৪২৮ উদযাপন :** বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA)-এর আলোকে সিলেট জেলা শিল্পকলা একাডেমির উদ্যোগে ১লা অগ্রহায়ণ ১৪২৮ (১৬ নভেম্বর) যথাযথ স্বাস্থ্যবিধি অনুসরণ সাপেক্ষে শিল্পকলা একাডেমির মঞ্চে আয়োজন করা হয় নবান্ন উৎসব ১৪২৮। এতে প্রধান অতিথির বক্তব্য রাখেন সিলেটের জেলা প্রশাসক এম কাজী এমদাদুল ইসলাম। জেলা কালচারাল অফিসার অসিত বরণ দাশ গুপ্ত এর পরিচালনায় উৎসবের সাংস্কৃতিক পরিবেশনায় ছিলেন সংগীতশিল্পী শামীম আহমদ, গৌতম চক্রবর্তী ও তন্বী দেব। এছাড়াও দলীয় পরিবেশনায় অংশগ্রহণ করেন একাডেমি ফর মণিপুরী কালচার এন্ড আর্ট, ছন্দনৃত্যালয় এবং জেলা শিল্পকলা একাডেমি সংগীত, নৃত্য ও আবৃত্তি বিভাগের শিক্ষার্থীরা।

**০৩। 'দুঃখী মানুষের মুখে হাসি ফোটাবো' শীর্ষক সাংস্কৃতিক অনুষ্ঠান :** বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA)-এর আলোকে সিলেট জেলা শিল্পকলা একাডেমির উদ্যোগে ২২ নভেম্বর ২০২১ তারিখে 'দুঃখী মানুষের মুখে হাসি ফোটাবো শীর্ষক ভার্চুয়াল সাংস্কৃতিক অনুষ্ঠান'-এর আয়োজন করা হয়। জেলা কালচারাল অফিসার অসিত বরণ দাশ গুপ্তের সঞ্চালনায় অনুষ্ঠানে আলোচক হিসেবে উপস্থিত ছিলেন বীর মুক্তিযোদ্ধা ও সাংস্কৃতিক ব্যক্তিত্ব ভবতোষ রায় বর্মণ। সাংস্কৃতিক পরিবেশনায় ছিলেন মৌসুমী দেব, রবিউল আউয়াল, সুদীপা দাশগুপ্তা স্বর্ণা, নাফিসা তানজীন, দৃষ্টি চক্রবর্তী ও ঋতশ্রী দে।

**০৪। 'প্রখ্যাত মনীষী ও গুণীজন গুরুসদয় দত্তের জীবন ও কর্মকথা' শীর্ষক সেমিনার :** বাংলাদেশ শিল্পকলা একাডেমির উদ্যোগে, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের পৃষ্ঠপোষকতায় এবং সিলেট জেলা শিল্পকলা একাডেমির আয়োজনে ২৩ নভেম্বর ২০২১ তারিখে 'প্রখ্যাত মনীষী ও গুণীজন গুরুসদয় দত্তের জীবন ও কর্মকথা' শীর্ষক সেমিনার ভার্চুয়ালি আয়োজন করা হয়। জেলা কালচারাল অফিসার অসিত বরণ দাশ গুপ্তের সঞ্চালনায় অনুষ্ঠানে মুখ্য আলোচক হিসেবে অংশগ্রহণ করেন ব্রতচারী কেন্দ্রীয় কমিটির নির্বাহী সভাপতি ড. শফি আহমেদ, আলোচক হিসেবে ছিলেন বাংলাদেশ শিল্পকলা একাডেমির প্রযোজনা বিভাগের পরিচালক সোহাইলা আফসানা ইকো ও বিশিষ্ট লোকসংস্কৃতি গবেষক ও শিক্ষাবিদ ড. আবুল ফতেহ ফাত্তাহ। পরিবারের সদস্য হিসেবে অংশগ্রহণ করেন গুরুসদয় দত্তের পৈতৃক বাড়ীর নিকটতম প্রতিবেশির উত্তরসুরি শুভ্র কান্তি দাস। ব্রতচারী পরিবেশনায় ছিলেন ব্রতচারী কেন্দ্রীয় কমিটির সহ প্রশিক্ষণ সম্পাদক প্রিয়াংকা রায় ও ব্রতচারী কেন্দ্রীয় কমিটির সদস্য নাদিরা সুলতানা বৃন্দা।

**০৫। 'সিলেট জেলার সাংস্কৃতিক বৈশিষ্ট্য, মনীষী ও সংস্কৃতিজনদের জীবন ও কর্মকথা শীর্ষক সেমিনার':** বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA)-এর আলোকে সিলেট জেলা শিল্পকলা একাডেমির উদ্যোগে ২৪ নভেম্বর ২০২১ তারিখে 'সিলেট জেলার সাংস্কৃতিক বৈশিষ্ট্য, মনীষী ও সংস্কৃতিজনদের জীবন ও কর্মকথা শীর্ষক সেমিনার' ভার্চুয়ালি আয়োজন করা হয়। জেলা কালচারাল অফিসার অসিত বরণ দাশ গুপ্তের সঞ্চালনায় অনুষ্ঠানে আলোচক হিসেবে অংশগ্রহণ করেন কবি ও লোকসংস্কৃতি গবেষক ড. মোস্তাক আহমাদ দীন এবং লোকসংস্কৃতি গবেষক ও প্রাবন্ধিক সুমনকুমার দাশ। প্রবন্ধ উপস্থাপন করেন নাট্যকার ও লোকগান বিশ্লেষক মু. আনোয়ার হোসেন রনি। সাংস্কৃতিক পরিবেশনায় ছিলেন বিশিষ্ট বাউলশিল্পী বিরহী কালা মিয়া, বিশিষ্ট সংগীতশিল্পী শামীম আহমদ ও তন্বী দেব।

[চলমান পাতা -২]

**০৬। প্রশিক্ষণ সংক্রান্ত কার্যক্রম :** বাংলাদেশ শিল্পকলা একাডেমি প্রণীত প্রশিক্ষণকেন্দ্র পরিচালন নীতিমালা ও নির্ধারিত পাঠ্যক্রমের আলোকে সিলেট জেলা শিল্পকলা একাডেমির বছরব্যাপী নিয়মিত কার্যক্রম সংগীত, নৃত্য, নাটক, তালবাদ্যযন্ত্র, চারুকলা ও আবৃত্তি বিষয়ে শিশু ও সাধারণ বিভাগের আওতায় শিক্ষার্থীদের প্রশিক্ষণ প্রদান করা হয়। স্বাস্থ্যবিধি মেনে ১ অক্টোবর ২০২১ থেকে সরাসরি প্রশিক্ষণ ক্লাস অনুষ্ঠিত হচ্ছে। একাডেমির মোট প্রশিক্ষণার্থীর সংখ্যা ৯৮৭ জন। ২০২১ সালের বার্ষিক ও কোর্স সমাপনী পরীক্ষার রুটিন ৩০ নভেম্বর ২০২১ তারিখ প্রকাশ করা হয়েছে।

**০৭। লাইব্রেরী সংক্রান্ত কার্যক্রম :** জেলা শিল্পকলা একাডেমিতে একটি সুসজ্জিত লাইব্রেরি রয়েছে। লাইব্রেরিটিতে বর্তমানে পাঠকদের পড়ার জন্য সর্বমোট ১১৪২টি বই রয়েছে। পাশাপাশি বিক্রির জন্য শিল্প-সাহিত্য-সংস্কৃতির বইও রয়েছে। জেলা শিল্পকলা একাডেমির প্রশিক্ষণার্থী, প্রশিক্ষণার্থীদের অভিভাবক ছাড়াও এখানকার শিল্পী-সংস্কৃতিকর্মী এবং শিক্ষার্থীরা নিয়মিত লাইব্রেরিতে বই পড়তে আসেন। শুধুমাত্র বই পড়া কার্যক্রমের মধ্যে সীমাবদ্ধ না থেকে এর আওতায় নিয়মিত মাসিক পাঠচক্রেরও আয়োজনা করা হয়। স্বাস্থ্যবিধি মেনে সুষ্ঠুভাবে এই কার্যক্রমটি পরিচালিত হচ্ছে।

সংযুক্ত :
১. ২৫ কপি ছবি/ পোস্টার/ প্রোগ্রামের স্ক্রীনশট (সফট কপি)।
২. পেপার কাটিং ২ টি।

০৫/১২/২০২১

**(অসিত বরণ দাশ গুপ্ত)**
জেলা কালচারাল অফিসার
সিলেট
ফোন : ০৮২১-৭১৯০৫৮
sylhet@shilpakala.gov.bd

মহাপরিচালক
বাংলাদেশ শিল্পকলা একাডেমি
সেগুনবাগিচা, রমনা, ঢাকা।

অনুলিপি : সদয় অবগতির জন্য
১. জেলা প্রশাসক ও সভাপতি, জেলা শিল্পকলা একাডেমি, সিলেট।